# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
## পল্লী ভবন
৫, কাওরান বাজার, ঢাকা ।
**Website: www.brdb.gov.bd**

স্মারক নং-৪৭.৬২.০০০০.৫০২.০১.২৩৫.১৫. ৫৬ ৪৭ তারিখঃ ০২/০৮/১৮খ্রিঃ।

বিষয়ঃ ঋণের টাকা আত্মসাৎ সংক্রান্ত বিষয়ে তথ্য প্রেরণ ।
সূত্রঃ জেলা দপ্তরের স্মারক নং-(ক)৪৭.৬২.৮৪.০০.১০০.০০.০৫৩.৮৩.৪৭৮ তারিখঃ ২৭/০৩/১৮খ্রিঃ।
(খ)৪৭.৬২.৮৪.০০.১০০.০০.০৫৩.৮৩.৩৫, তারিখঃ ২২/০৭/১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জেলাধীন কাপ্তাই ইউসিসিএ'র পরিদর্শক জনাব আশীষ কুমার দে কর্তৃক আত্মসাতকৃত ১৯,০৪,২৪৯/- (উনিশ লক্ষ চার হাজার দুইশত উনপঞ্চাশ) টাকা ঋণের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক আত্মাসাৎকালীন কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের দায় নির্ধারণ, বিধি অনুসারে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ ও উক্ত আত্মসাতের অর্থ আদায়ের হালনাগাদ প্রতিবেদন প্রেরণ করার জন্য সদর কার্যালয়ের স্মারক নং-৪২৬৬ তারিখ-৪/৭/১৮ খ্রিঃ মূলে অনুরোধ করা হয়। কিন্তু চাহিত ৩টি বিষয়ে কোন কার্যক্রম গ্রহণ না করে একটি দায়সাড়া পত্র প্রেরণ করেছেন। ৭,৪০,০০০/- টাকা ঋণ বিতরণে অনিয়ম, বাকি ১১,৬৪,২৪৯/- টাকার মধ্যে কোন ইউআরডিও- এআরডিও'র কর্মকালে কত টাকা আত্মসাৎ সংঘটিত হয়েছে, তার দায় নির্ধারণ এবং ইতোমধ্যে ইউসিসিএ'র তহবিলে জমাকৃত ৪৮,৪৫০/- টাকা কার নিকট থেকে আদায় করা হয়েছে তা স্পষ্ট করেননি। দায়ী কর্মকর্তা/ কর্মচারীদের বিরূদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণে তাঁর তৎপরতার কোন প্রমাণক সংযুক্ত করেননি। এতে সরকারী অর্থ আদায়ের প্রক্রিয়া বিলম্বিত হচ্ছে।

বর্ণিত অবস্থার প্রেক্ষিতে সরেজমিনে তদন্ত করে পরিদর্শক কর্তৃক আত্মসাতের বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের দায়িত্ব ও মনিটরিং কাজে অবহেলা নিরূপণপূর্বক সুস্পষ্টভাবে দায় নির্ধারণ, ঋণ বিতরণে অনিয়ম ও আত্মসাতের প্রমাণকসহ পূর্ণাংগ তদন্ত প্রতিবেদন এবং আত্মসাৎকৃত অর্থ আদায়ের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ সর্বশেষ অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

বিষয়টি জরুরী ।

০২/৮/১৮

মোঃ মাহমুদুল হোসাইন খান
(যুগ্মসচিব)
পরিচালক (সরেজমিন)
ফোনঃ৮১৮০০০৬

উপপরিচালক
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
রাঙ্গামাটি

জ্ঞাতার্থে-কার্যার্থে অনুলিপিঃ
১। উপপরিচালক (প্রোগ্রামিং) বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।